# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়
# ঢাকা।

## সংবাদ গতিধারা

**ঢাকা, বুধবার ২ ডিসেম্বর ২০১৫, ১৮ অগ্রহায়ণ ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। পল্লী অঞ্চলের ৮৮ ভাগ মানুষ পাবে বিশুদ্ধ পানি
: একনেকে সাতটি প্রকল্প অনুমোদন

২। পার্বত্য শান্তিচুক্তির ১৮ বছর পূর্তি আজ
: এ উপলক্ষে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী পৃথক বাণী দিয়েছেন

৩। তথ্যপ্রযুক্তি দুর্নীতি কমানোর হাতিয়ার হতে পারে : অর্থমন্ত্রী

৪। পাকিস্তানের সঙ্গে সম্পর্ক সর্বনিম্ন পর্যায়ে : তথ্যমন্ত্রী

৫। কমিশন গঠনের পর নিবন্ধনের পরামর্শ : খসড়া অনলাইন গণমাধ্যম নীতিমালা

৬। সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে অনলাইনে ভর্তি কার্যক্রম শুরু

৭। বাংলাদেশ সরকারের সঙ্গে চুক্তি স্বাক্ষরে আগ্রহী ফেসবুক
: শিগগিরই আসছেন কর্মকর্তা

৮। সাত খুন মামলার চার্জশিট ত্রুটিপূর্ণ : হাইকোর্ট
- মানুষ চায় বিচার হোক : বিচারপতি ইনায়েতুর রহিম

৯। পৌরভোটে ঘরোয়া সভা করতেও অনুমতি লাগবে : নির্বাচন কমিশন

১০। জেল হত্যার আপিলের পূর্ণাঙ্গ রায় প্রকাশ

১১। বাংলাদেশ-ভুটান দু'দেশের বাণিজ্যিক বাধাগুলো দূর করার উদ্যোগ

১২। তথ্যপ্রযুক্তি সূচকে এগোল বাংলাদেশ

চলমান পাতা/২

**১। পল্লী অঞ্চলের ৮৮ ভাগ মানুষ পাবে বিশুদ্ধ পানি : একনেকে সাতটি প্রকল্প অনুমোদন**

দেশের প্রত্যন্ত জনগোষ্ঠীর নিরাপদ খাবার পানি সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে পল্লী অঞ্চলে পানি সরবরাহ প্রকল্পসহ সাতটি প্রকল্প অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। গতকাল **১** ডিসেম্বর মঙ্গলবার শেরেবাংলা নগরস্থ এনইসি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত এই সভায় প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপার্সন শেখ হাসিনা সভাপতিত্ব করেন। অনুমোদিত ৭টি প্রকল্পের মোট ব্যয় ধরা হয়েছে ২ হাজার ৩৭ কোটি টাকা। এর মধ্যে সরকারের নিজস্ব তহবিল হতে ব্যয় ধরা হয়েছে ২ হাজার **১১** কোটি এবং সংস্থার নিজস্ব তহবিল হতে ২৫ কোটি ৪৬ লাখ টাকা। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **প্রথম আলো** (পৃ.১২,ক.৬), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.২), **ডেইলি সাব** বিজনেস (পৃ.১,ক.৫)।

**২। পার্বত্য শান্তিচুক্তির ১৮ বছর পূর্তি আজ : এ উপলক্ষে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী পৃথক বাণী দিয়েছেন**

পার্বত্য চট্টগ্রাম শান্তিচুক্তি স্বাক্ষরের **১৮** বছরপূর্তি আজ ২ ডিসেম্বর বুধবার। **১৯৯৭** সালের ২ ডিসেম্বর পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের দীর্ঘদিনের সংঘাতময় পরিস্থিতি নিরসনের লক্ষ্যে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক জাতীয় কমিটি এবং পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতির মধ্যে এই ঐতিহাসিক চুক্তি স্বাক্ষরিত হয়। দিবসটি উপলক্ষে গতকাল **১** ডিসেম্বর মঙ্গলবার রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**যায়যায়দিন** (শেষ পৃ.,ক.৫), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৩), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি স্টার** (পৃ.২,ক.১)।

**৩। তথ্যপ্রযুক্তি দুর্নীতি কমানোর হাতিয়ার হতে পারে : অর্থমন্ত্রী**

তথ্যপ্রযুক্তির ব্যবহার দুর্নীতি কমানোর একটি হাতিয়ার হতে পারে বলে মন্তব্য করেছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। তথ্যপ্রযুক্তির ব্যবহার করতে পারলে দুর্নীতি অনেক কমে আসবে। গতকাল **১** ডিসেম্বর মঙ্গলবার রাজধানীর একটি হোটেলে **১১**তম গভর্নমেন্ট ডিসকাশন ফোরাম ফর ইলেক্ট্রনিক আইডেনটিটি-২০১৫ উদ্বোধন অনুষ্ঠানে তিনি এ আশা প্রকাশ করেন। সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিভাগ ও এশিয়া প্যাসিফিক স্মার্ট কার্ড অ্যাসোসিয়েশন (এপিএসসিএ) যৌথভাবে এ ফোরামের আয়োজন করেছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.২)।

**৪। পাকিস্তানের সঙ্গে সম্পর্ক সর্বনিম্ন পর্যায়ে : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, পাকিস্তানের সাথে কূটনৈতিক সম্পর্ক সর্বনিম্ন পর্যায়ে পৌঁছেছে। তিনি বলেন, পাকিস্তান শত্রু রাষ্ট্রে অবতীর্ণ হয়েছে। সে কারণে পাকিস্তানের সাথে কূটনৈতিক সম্পর্কের বিষয় পুনর্বিবেচনা করা উচিত। বিষয়টি নিয়ে সরকার গভীরভাবে আলোচনা করছে। পাকিস্তানের পদক্ষেপ পর্যবেক্ষণ করছে। তিনি আরো বলেন, অত্যন্ত ঘৃণার সাথে বলতে বাধ্য হচ্ছি, বাংলাদেশের মুক্তিযুদ্ধে পাকিস্তান যে গণহত্যা চালিয়েছিল বা মানবতাবিরোধী অপরাধে জড়িত ছিল, তার জন্য পাকিস্তান অনুতপ্ত হয়নি। তাদের কোনো পরিবর্তন হয়নি বা তারা বদলায়নি। সে কারণে পাকিস্তানের বক্তব্য আমরা প্রত্যাখ্যান করছি। মন্ত্রী গতকাল **১** ডিসেম্বর মঙ্গলবার রাজধানীর শাহবাগে পয়লা ডিসেম্বরকে প্রস্তাবিত মুক্তিযোদ্ধা দিবস উপলক্ষে আয়োজিত র‍্যালি উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৩), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৫)।

**৫। কমিশন গঠনের পর নিবন্ধনের পরামর্শ : খসড়া অনলাইন গণমাধ্যম নীতিমালা**

সম্প্রচার কমিশন এবং জাতীয় অনলাইন গণমাধ্যম নীতিমালা চূড়ান্ত না হওয়া পর্যন্ত অনলাইন পত্রিকার নিবন্ধন কার্যক্রম স্থগিত রাখার প্রস্তাব করেছেন দেশের শীর্ষস্থানীয় জাতীয় দৈনিকের কয়েকজন সম্পাদক। তারা ছাপা পত্রিকার অনলাইন সংস্করণের জন্য আলাদা নিবন্ধনের প্রয়োজন নেই বলেও মত দিয়েছেন। গতকাল **১** ডিসেম্বর মঙ্গলবার তথ্য মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে তথ্যমন্ত্রী হাসানুল হক ইনুর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় 'জাতীয় অনলাইন গণমাধ্যম নীতিমালা ২০১৫' এর খসড়া নিয়ে দীর্ঘ আলোচনা হয়। বৈঠকে অনলাইন পত্রিকা ও ছাপা পত্রিকার অনলাইন নিবন্ধনের সময়সীমা **১৫** ডিসেম্বর থেকে আরও কিছুদিন বাড়ানোর পরামর্শ দেওয়া হয়। অনুষ্ঠানে সূচনা বক্তব্য রাখেন তথ্য সচিব মরতুজা আহমদ। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৬), **প্রথম আলো** (পৃ.৫,ক.৭), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.৫)।

**৬। সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে অনলাইনে ভর্তি কার্যক্রম শুরু**

আগামী শিক্ষাবর্ষে রাজধানী ঢাকাসহ (চট্টগ্রাম মহানগর ছাড়া) দেশের বিভাগীয় ও জেলা সদরে অবস্থিত **১৭৫**টি সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তি কার্যক্রম গতকাল **১** ডিসেম্বর মঙ্গলবার থেকে শুরু হয়েছে। সকাল পৌনে **১১**টায় রাজধানীর ধানমন্ডি গভর্নমেন্ট বয়েজ হাইস্কুল প্রাঙ্গণে এসব স্কুলে অনলাইনে ভর্তি আবেদন গ্রহণের

চলমান পাতা/৩

কার্যক্রম আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এবং ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী তারানা হালিম। সূত্র-**সমকাল** (পৃ.৩, ক.৫), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.২), **প্রথম আলো** (পৃ.২,ক.৪), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৭)।

৭। **বাংলাদেশ সরকারের সঙ্গে চুক্তি স্বাক্ষরে আগ্রহী ফেসবুক : শিগগিরই আসছেন কর্মকর্তা**

বাংলাদেশ সরকারের সঙ্গে চুক্তির বিষয়ে সাড়া দিয়েছে ফেসবুক কর্তৃপক্ষ। আগামী ৬ ডিসেম্বর ঢাকায় আসছেন ফেসবুকের এশিয়া অঞ্চলের রাজনৈতিক উপদেষ্টা। তিনি টেলিযোগাযোগ প্রতিমন্ত্রীর সঙ্গে চুক্তির বিষয়ে বৈঠক করবেন। গতকাল ১ ডিসেম্বর মঙ্গলবার ফেসবুক কর্তৃপক্ষ টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী তারানা হালিমের কাছে পাঠানো এক ই-মেইল বার্তায় এসব কথা জানিয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **প্রথম আলো** (শেষ পৃ.,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৬), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.৫)।

৮। **সাত খুন মামলার চার্জশিট ত্রুটিপূর্ণ : হাইকোর্ট**

**- মানুষ চায় বিচার হোক : বিচারপতি ইনায়েতুর রহিম**

হাইকোর্ট বলেছে, নারায়ণগঞ্জের সাত খুন মামলার অভিযোগপত্রে ত্রুটি রয়েছে। তবে অধিকতর তদন্তের নামে শতভাগ অর্জন করতে গেলে এই মামলায় যে সব আসামি কারাগারে রয়েছেন তারা যেন আবার এই ফাঁকে কোনো সুবিধা নিয়ে না নেন। আবার এটাও সত্য যারা এই খুনের সঙ্গে জড়িত তাদের সকলেরই বিচার হওয়া দরকার। দেশের মানুষ তাকিয়ে আছে মামলাটির সুষ্ঠু বিচারের আশায়। সাত খুন মামলার অধিকতর তদন্তের আবেদনের ওপর শুনানির এক পর্যায়ে হাইকোর্টের ডিভিশন বেঞ্চের জ্যেষ্ঠ বিচারক বিচারপতি এম ইনায়েতুর রহিম এসব কথা বলেন। বেঞ্চের অপর সদস্য হলেন বিচারপতি আমির হোসেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **সংবাদ** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.৭), **নিউ নেশন** (পৃ.১,ক.৮)। **ইন্ডিপেনডেন্ট, বাংলাদেশ টুডে** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৯। **পৌরভোটে ঘরোয়া সভা করতেও অনুমতি লাগবে : নির্বাচন কমিশন**

দেশে প্রথমবারের মতো দলীয়ভাবে পৌরসভা নির্বাচন আয়োজনের আগে প্রার্থী ও দলের ক্ষেত্রে আচরণবিধিতে ব্যাপক পরিবর্তন এনেছে নির্বাচন কমিশন। প্রার্থীর পক্ষে প্রচার চালাতে সরকারি সুবিধাভোগীদের, বিশেষ করে সংসদ সদস্যদের ওপর একদিকে নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে, অন্যদিকে পথসভা ও ঘরোয়া সভা করার ক্ষেত্রেও পুলিশের অনুমতি নেওয়ার বিধান রাখা হয়েছে। ইসির উপ সচিব সামসুল আলম জানান, রাজনৈতিক দল, দলীয় প্রার্থী ও স্বতন্ত্র প্রার্থীদের আচরণবিধি অনুসরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে রিটার্নিং কর্মকর্তাদের একটি পরিপত্র পাঠানো হয়েছে। নতুন আইন-বিধি পাঠানো হয়েছে রাজনৈতিক দলগুলোর কাছেও। সূত্র-**যায়যায়দিন** (পৃ.১,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.২), **ইনকিলাব** (পৃ.১,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৭), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৭)।

১০। **জেল হত্যার আপিলের পূর্ণাঙ্গ রায় প্রকাশ**

জেলখানায় জাতীয় চার নেতাকে হত্যা মামলার আপিলের পূর্ণাঙ্গ রায় প্রকাশ হয়েছে, যাতে মৃত্যুদণ্ডে দণ্ডিত দুই আসামিকে খালাস দিয়ে হাইকোর্ট আইন প্রয়োগে ভুল করেছিলেন বলে উল্লেখ করা হয়েছে। এজলাসে রায় ঘোষণার আড়াই বছর পর গতকাল ১ ডিসেম্বর মঙ্গলবার সুপ্রিম কোর্টের আপিল বিভাগ ২৩৫ পৃষ্ঠার পূর্ণাঙ্গ রায়টি প্রকাশ করেন। ২০১৩ সালের ৩০ এপ্রিল এই রায়টি দেন সুপ্রিম কোর্টের তৎকালীন বিচারপতি মো. মোজাম্মেল হোসেন নেতৃত্বাধীন আপিল বিভাগের পূর্ণাঙ্গ বেঞ্চ। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.১), **ইত্তেফাক** (পৃ.২,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪)।

১১। **বাংলাদেশ-ভুটান দু'দেশের বাণিজ্যিক বাধাগুলো দূর করার উদ্যোগ**

বাংলাদেশ ও ভুটানের বাণিজ্য সচিব পর্যায়ের বৈঠকে দু'দেশের বাণিজ্যিক বাধাগুলো দূর করার উদ্যোগ নেওয়া হবে। এতে দুই দেশেরই লাভ হবে বলে জানিয়েছেন বাণিজ্য মন্ত্রণালয়ের সিনিয়র সচিব হেদায়েতুল্লাহ আল মামুন। দুই দিনব্যাপী বাংলাদেশ ও ভুটানের বাণিজ্য সচিব পর্যায়ের বৈঠকের উদ্বোধন অনুষ্ঠানে স্বাগত বক্তব্যে বাণিজ্য সচিব এ কথা বলেন। গতকাল ১ ডিসেম্বর মঙ্গলবার রাজধানীর কারওয়ান বাজারের ফরেন ট্রেড ইনস্টিটিউটে (বিএফটিআই) এ বৈঠক শুরু হয়েছে। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.৯,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **প্রথম আলো** (পৃ.১৩,ক.৪), **নিউ নেশন** (পৃ.১,ক.১), **নিউ এজ** (পৃ.১,ক.২)।

চলমান পাতা/৪

**১২। তথ্যপ্রযুক্তি সূচকে এগোল বাংলাদেশ**

আইটিইউয়ের সূচকে বাংলাদেশ আন্তর্জাতিক টেলিকমিউনিকেশন ইউনিয়নের (আইটিইউ) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি উন্নয়ন সূচকে এক ধাপ এগিয়েছে বাংলাদেশ। সূচকে এ বছরে বাংলাদেশের অবস্থান **১৪৪তম,** যা ২০১৪ সালের প্রতিবেদনে দেখানো হয়েছিল **১৪৫তম। ১৬৭টি** দেশের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সূচক প্রকাশ করে জাতিসংঘের টেলিকমিউনিকেশন ভিত্তিক এ সংস্থাটি। ২০১০ সাল থেকে তথ্যপ্রযুক্তির এ সূচক (আইডিআই র‌্যাংক) অনুযায়ী, গত পাঁচ বছরে তথ্য ও যোগাযোগ প্রযুক্তিতে বাংলাদেশ চার ধাপ এগিয়েছে। ২০১০ সালে বাংলাদেশের অবস্থান ছিল **১৪৮**। সূত্র-**যায়যায়দিন** (শেষ পৃ.,ক.১)।

**সম্পাদকীয়**

ক. **প্রথম আলো, সংবাদ, সমকাল, যায়যায়দিন :** বাংলাদেশের আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের বিচারে দণ্ডপ্রাপ্ত দুজন অপরাধীর ফাঁসি কার্যকর হওয়ার পর ইসলামাবাদে বাংলাদেশের ভারপ্রাপ্ত হাইকমিশনারকে তলব করে একাত্তরে মুক্তিযুদ্ধ চলাকালে সংঘটিত গণহত্যার দায় অস্বীকার করায় নিন্দা জানিয়ে পাকিস্তান সরকারের একের পর এক ঔদ্ধত্যপূর্ণ আচরণের জন্য বাংলাদেশ সরকারকে অত্যন্ত কঠোর ভাষায় প্রতিবাদ জানানোর সুপারিশ;

খ. **ইত্তেফাক :** শিক্ষক ও শিক্ষা কর্মকর্তা পর্যাপ্ত না থাকায় প্রাথমিক শিক্ষা ব্যবস্থায় চরম সংকট বিরাজ করছে উল্লেখ করে প্রাথমিক শিক্ষা ব্যবস্থায় জনবল সংকট নিরসনে কার্যকর ব্যবস্থা নেওয়ার সুপারিশ;

গ. **জনকণ্ঠ :** দেশে লিভার চিকিৎসায় নতুন পদ্ধতির ব্যবহার শুরু হওয়া লিভার ক্যান্সার চিকিৎসায় একটি উল্লেখযোগ্য সুসংবাদ বলে মতপ্রকাশ;

ঘ. **সমকাল, যায়যায়দিন :** পাঁচ জেলার ছয়টি পৃথক মামলায় ২৪ জনের ফাঁসির রায় দেওয়াকে দেশের বিচার ব্যবস্থার ক্ষেত্রে একটি মাইলফলক উল্লেখ করে বিভিন্ন আদালতে জমে থাকা মামলার স্তূপও একই দ্রুততায় সম্পন্ন করার সুপারিশ;

ঙ. **যুগান্তর :** আসন্ন পৌরসভা নির্বাচন যাতে অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ ও সব ধরনের জটিলতা মুক্ত হয় সে ব্যাপারে নির্বাচন কমিশনসহ সংশ্লিষ্ট সবাইকে নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ;

চ. **ডেইলি স্টার :** বার্ষিক উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নের ধীরগতির সমালোচনা করে অপ্রয়োজনীয় খাতে সরকারি অর্থ বাতিল করে অতিপ্রয়োজনীয় গুরুত্বপূর্ণ খাতগুলোতে অর্থ বরাদ্দ বাড়ানোর সুপারিশ;

ছ. **ইন্ডিপেনডেন্ট :** মায়ানমারের নির্বাচিত নতুন সরকারের সাথে বাংলাদেশের সম্পর্ক আরও এগিয়ে নেওয়ার ওপর গুরুত্বারোপ;

জ. **ডেইলি সান :** দেশের দক্ষিণ এবং দক্ষিণ-পশ্চিমাঞ্চলের মহিলারা লবণাক্ত পানি পান করায় তাদের সন্তানরা নানাবিধ স্বাস্থ্য সমস্যা নিয়ে জন্মায় উল্লেখ করে এসব অঞ্চলের গ্রামের লোকদের জন্য বিশুদ্ধ খাবার পানি সরবরাহ করার জন্য গৃহীত প্রকল্পের কাজ দ্রুত সম্পন্নের সুপারিশ;

ঝ. **নিউ নেশন :** অবৈধ ও বিষাক্ত ওষুধের উৎপাদন ও বিপণনের অবৈধ ব্যবসা বন্ধে কর্তৃপক্ষকে কঠোর আইনি ব্যবস্থা গ্রহণের আহ্বান;

ঞ. **নিউ এজ :** নদীবন্দর, জেটি ও ফেরির আগামী বছর থেকে সার্ভিস চার্জ বাড়ানোসহ এসব সেবাখাত ভ্যাটের আওতায় আনার সরকারি পরিকল্পনা পুনরায় বিবেচনায় নিয়ে জনদুর্ভোগ যেন না হয় এমন সিদ্ধান্ত নেওয়ার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত কলামে জননিরাপত্তা, সামাজিক সম্প্রীতি ও সামাজিক ন্যায়বিচার নিশ্চিত করা যেকোনো জনবান্ধব সরকারের সর্বোচ্চ অগ্রাধিকার হওয়া উচিত বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত **'ঐক্যবদ্ধ বাঙালি অসীম শক্তিধর'** শিরোনামের নিবন্ধে পীযূষ বন্দ্যোপাধ্যায় শক্তিশালী গণমাধ্যমের নেটওয়ার্ক কাজে লাগিয়ে সন্ত্রাসবাদ, জঙ্গিবাদ ও সাম্প্রদায়িকতা বিরোধী সকল কর্মকাণ্ডের খবরাখবর দেশজুড়ে, তৃণমূল পর্যন্ত ছড়িয়ে দিতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা